চুল দাড়ি কেটেও পালিয়ে রেহাই পাইনি অপরাধীরা–তনু

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা পূর্বপাড়া যুব সাংগঠনিক ক্লাবের আয়োজনে গতকাল শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে আরামডাঙ্গা পূর্বপাড়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় কার্পাসডাঙ্গা ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আবু তালেব এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারন সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথি তার বক্তব্য বলেন আওয়ামীলীগ সরকারের পতনের পর তার দলের নেতারা অপরাধের জন্য চুল দাড়ি কেটে পালাতে গিয়েও শেষ রক্ষা করতে পারেনি। অবসর প্রাপ্ত বিচারপতি মানিকের অবস্থা আপনারা দেখেছেন। কলার পাতায় শুয়ে থেকেও পার পাননি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন,সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম মেম্বর,সিনিয়র সহ-সভাপতি করম আলী মেম্বর,যুগ্ম সাধারন সম্পাদক জুলফিক্কার আলী ভুট্টো, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, দামুড়হুদা থানা কৃষক দলের সিনিয়র যুগ্ম আহবায়ক আব্দুল মতিন খসরু,২ নং ওয়ার্ড বিএনপির সাধারন সম্পাদক আতিয়ার মালিথা, সাবেক সভাপতি সিরাজুল ইসলাম, ১ নং ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি এ্যাড:আব্দুল্লাহ আল মামুন এরশাদ, সাবেক মেম্বর মুকুল মোল্লা, আবু ছাইদ মোড়ল, মোক্তার আলী, থানা যুবদল নেতা মাবুবুর রহমান জনি, উপজেলা ছাত্রদলের আহবায়ক আবজালুর রহমান সবুজ।যুবদল নেতা দেলোয়ার, রুস্তম, কবির, আহসান, মমিন,ক্লাবের সভাপতি আল আমিন, বিপ্লব, আলামিন, ওসমান, ইয়াকুব প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহবায়ক মো:আব্দুল কাদের।

গাংনীতে বিএনপির প্রতিবাদ সমাবেশে নেতাকর্মীদের নিয়ে যোগদান

গাংনীতে বিএনপি’র প্রতিবাদ সভায় বিপুল সংখ্যক নেতাকর্মীদের নিয়ে যোগদান করলেন কাথুলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ও সাবেক মেহেরপুর জেলা ছাত্র দলের যুগ্ম-সাধারন সম্পাদক হোসাইন মোহাম্মদ ও মেহেরপুর জেলা যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক মফিজুল ইসলাম। গতকাল বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় এ অনুষ্ঠানে যোগদান করে।

যোগদানের সময় কাথুলী ইউনিয়নের ৬ নং ওয়ার্ড খাসমহল গ্রামের নেতাকর্মী সহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের নেতাকর্মীদের মটর সাইকেল বহর নিয়ে যাত্রা শুরু করেন।

কাথুলী মোড় থেকে পা হেটে মিছিলে স্লোগানে স্লোগানে মুখরিত করে গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদকের প্রতিবাদ সমাবেশ কে সাফল্য করার লক্ষ্যে সভায় যোগ দেন।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ও মেহেরপুর জেলা ছাত্র দলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক হুছাইন মাহমুদ বলেন, সন্ত্রাসীবাদী আওয়ামী লীগের বিপক্ষে ও ভারত অগ্রাসনের প্রতিবাদে গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক জন নেতা বাবলু ভাইয়ের ডাকে সাড়া দিয়ে প্রতিবাদ সভাকে সাফল্য করার জন্য আমরা কাথুলী ইউনিয়নের বিভিন্ন গ্রামের নেতাকর্মীদের সাথে নিয়ে মটর সাইকেল বহর নিয়ে যোগদান করবো এবং আজকের সভাকে সাফল্য মন্ডিত করবো।

“জঞ্জাল পরিস্কার না হওয়া পর্যন্ত অন্তর্বতিকালীন সরকারকে যৌক্তিক সময় দেবে বিএনপি- বাবলু

জঞ্জাল পরিস্কার না হওয়া পর্যন্ত বর্তমান অন্তর্বতিকালীন সরকারকে যৌক্তিক সময় দেবে বিএনপি। জঞ্জাল পরিস্কার না হওয়া পর্যন্ত আমরা কোনো নির্বাচনে যাবোনা। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্ররা যে কারণে জীবন দিয়েছেন সেই আন্দোলন ফলপ্রসু করার জন্য বাংলাদেশ থেকে ঘুঁষ, দূর্ণীতির মূলোৎপাটন করতে হবে।

আজ বৃহস্পতিবার বিকালে হাসপাতাল বাজার এলাকার দলীয় কার্যালয়ের সামনে গাংনী উপজেলা বিএনপি আয়োজিত বিরাট সমাবেশ এসব কথা বলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু।

ভারতীয় আগ্রাসনের বিরুদ্ধে ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর খুনি হাসিনার বর্বরোচিত গণহত্যার প্রতিবাদ ও বিচার দাবিতে এই গণমিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সহ-সভাপতি মতিউর রহমান মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান মাহবুব।

গাংনী পৌরসভার ২ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ও উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভীর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জাতীয়তাবাদী কৃষকদলের গাংনী উপজেলা শাখার সভাপতি আমিনুল বারী মোতালেব, সাবেক ছাত্রনেতা নুরুজ্জামান হকা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সম্পাদক আব্দুল্লাহ আল হাসান শাওন, স্বেচ্চাসেবক দলের মেহেরপুর জেলা শাখার যুগ্ম সম্পাদক ইকবাল হোসেন, গাংনী পৌর বিএনপির ৪ নং ওয়ার্ডের সভাপতি ইনামুল হক, মেহেরপুর জেলা ছাাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, জেলা

ছাত্রদলের সহ-সভাপতি রেজওয়ানুল হক ইমন, গাংনী পৌর যুবদলের সহ-সভাপতি মনিরুজ্জামান মনি, কাথুলি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান হুসাইন আহমেদ, সাহারবাটি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যন চেয়ারম্যান ও জাতীয়তাবাদী মহিলা দলের সহ-সভাপতি আসমা খাতুন, মেহেরপুর জেলা মহিলা দলের শাখার যুগ্ম সম্পাদক নাজমা খন্দকার, বিএনপি নেত্রী ও সাবেক মহিলা মেম্বর সামিরুন নেছা, সাবেক ছাত্রনেতা শাহিবুল ইসলাম, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু আরও বলেন, খুনি হাসিনা ইন্ডিয়াতে বসে প্রতিনিয়ত ষড়যন্ত্র করে যাচ্ছে। ইতোমধ্যে জুডিশিয়ারি ও আনসার ক্যু ঘটানোর চেষ্টা করেছে। যা এদেশের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ ও জনতা রুখে দিয়েছেন।

তিনি বলেন, ভারতের আগ্রাসনেই এদেশে পিলখানায় বিডিআর হত্যা হয়েছে। তাদের ষড়যন্ত্রে বাংলাদেশের দেশ প্রেমিক সেনাবাহিনীর মেধাবী ও চৌকস ৫৪ জন আরমি অফিসার হারিয়েছি। তারা সীমান্তে পাখির মত গুলি করে আমাদের দেশের মানুষকে হত্যা করে। ভারতের আগ্রাসনেই আজকে বাংলাদেশের তিনটি জেলার লাখ লাখ মানুষ পানির নিচে তলিয়ে দিয়েছে। ওই এলাকার মানুষ আজ অসহায় হয়ে পড়েছে। তিনি বলেন ভারতের আগ্রাসন বন্ধ না হলে আগামীতে আমরা ভারতের সকল পণ্য বয়কটের ডাক দেবো। তিনি পিলখানা হত্যার ঘটনাটি পুন: তদন্ত করে দোষীদের শাস্তির দাবি জানান।

বাবলু আরও বলেন, শেখ হাসিনা ও তার দোসররা দূর্ণীতি ও লটপাটের মাধ্যমে হাজার হাজার কোটি টাকা বিদেশে পাচার করেছে। তিনি এসব দূর্ণীতির বিচার দাবি করেন। খুনি হাসিনা তার ক্ষমতা টিকিয়ে রাখতে ৫ আগষ্টের আগে ও পরে হাজার ছাত্র জনতার বুকে গুলি করে হত্যা করেছে। আয়না ঘর তৈরী করে হাজার হাজার বিএনপি নেতাকর্মী ও ভিন্নমতাবলম্বী মানুষকে ধরে নিয়ে বিনাবিচারে নির্যাতন ও হত্যা করেছে। তারা এদেশে লুটপাট, ঘুঁষ, দূর্ণীতির রাজত্ব কায়েম করেছিলো। এদেশের মানুষ তার প্রত্যেকটি অপকর্মের বিচার চাই। তিনি বলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এদেশের মানুষের সকল বৈষম্য দুর করতেই তাদের বুকের তাজা রক্ত দিয়েছে। আজ বাংলাদেশের মানুষ সকল বৈষম্যের বিরুদ্ধে জেগে উঠেছে। এদেশ থেকে ঘুঁষ দূর্ণীতি বন্ধ হলে বৈষম্য আন্দোলনে নিহত সকল আত্মা শান্তি পাবে। তিনি চাঁদাবাজি, লুটপাট, দখল ও সকল প্রকার অন্যায় জুলুম থেকে দুরে থাকার জন্য গাংনীর সকল নেতাকর্মীকে আহবান জানান।

তিনি বলেন, ভবিষ্যৎ রাস্ট্রনায়ক তারেখ রহমান বলেছেন, বৈষম্য বিরোধী ছাত্র নেতারা যে কারনে জীবন দিয়েছেন সেটা ফলপ্রসূ করার জন্য বাংলাদেশ থেকে ঘুঁষ, দূর্ণীতির মূলোৎপাটন করতে হবে। বিএনপির নেতাকর্মীদের বিষয়টি ধারণ করতে হবে। এই দেশে কোনো লুটপাট, দখল হবেনা।

সমাবেশের প্রধান বক্তা জেলা কৃষকদের আহবায়ক মাহবুবুর রহমান বলেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দাবির মধ্যে দিয়ে আজ দেশে সংস্কার কাজ চলছে। এই সরকারের সংস্কার কর্মসূচি পূর্ণভাবে বাস্তবায়নের জন্য বিএনপি তাদের সহযোগীতা করবে। খুনি হাসিনার সময়ে যে ঘটনাগুলো ঘটেছে আজকেও যেনো সেই ঘটনা না ঘটে এজন্য সবাইকে সজাগ থাকতে হবে।

সমাবেশ শেষে একটি বিরাট গণ মিছিল থেকে শুরু হয়ে গাংনী বড়বাজার শহীদ আবু সাঈদ মোড় ঘুরে সমাবেশস্থল এসে শেষ হয়।

গাংনীতে বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আগামী ১সেপ্টেম্বর বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৬ আগষ্ট) দুপুরে গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি, শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, জেলা বিএনপির ১ নং যুগ্ম ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আওয়াল, যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ও রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু, জাতীয়তাবাদী মহিলা বিএনপির সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইনসারুল হক ইন্সু, মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মনিরুজ্জামান মনি, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক ও গাংনী পৌরসভার কাউন্সিলর সাইদুল ইসলাম, সদস্য সচিব ও গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর এনামুল হক, জেলা ছাত্র দলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক রিপন হোসেনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ইউপি চেয়ারম্যান সেলিম রেজার পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান মোঃ সেলিম রেজা পদত্যাগের দাবিতে মেহেরপুর জেলা বিএনপির একাংশ অবস্থান কর্মসূচি করে।

আজ রবিবার (২৫ আগস্ট) বেলা সাড়ে ১২ টার সময় কুতুবপুর ইউনিয়ন পরিষদের সামনে অবৈধ ইউনিয়ন চেয়ারম্যান সেলিম রেজার পদত্যাগের দাবীতে এ অবস্থান কর্মসূচির পালন করা হয়।

অবস্থা কর্মসূচিতে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর

খান ছাতু ও যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, অবৈধ ভোটে নির্বাচিত হওয়া চেয়ারম্যান সেলিম রেজা সাধারণ মানুষদের হয়রানি করেছে। আমরা জেলা প্রশাসককের দৃষ্টি আকর্ষণ করছি এই ইউনিয়ন পরিষদকে দ্রুত প্রশাসনের আওতায় আনার জন্য।

এছাড়াও এসময় জেলা যুবদলের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, বিএনপি নেতা ফরিদুল হক, রেজাউল, খাইরুল, জেলা যুবদলের সহসভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানিসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ জেলা বিএনপির কার্যালয় পোড়ানোর মামলায় ৪ আসামি আটক

গত ৪ আগস্ট ঝিনাইদহ জেলা বিএনপির দলীয় কার্যালয় পোড়ানোর মামলার ৪ আসামিকে আটক করেছে র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের আভিযানিক দল।

আজ রবিবার (২৫ আগস্ট) সদর উপজেলার গোয়ালপাড়া বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়েছে বলে জানিয়েছে র্যাব-৬।

আটককৃতরা হলো, গোয়ালপাড়া গ্রামের নুর মোহাম্মদের ছেলে মোঃ অসিম হোসেন (৩৫), পৈলানপুর গ্রামের মৃত শমসের মোল্লার ছেলে আজাদ মোল্লা(৪০), নারায়ণপুর গ্রামের লিয়াকত মোল্লার ছেলে স্বপন মোল্লা (৪২) ও চুয়াডাঙ্গা গ্রামের মৃত আত্তাব উদ্দিনের ছেলে সাজিজুল ইসলাম সাজে (৩৪)। সাজিজুল ইসলাম সাজে সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। আটককৃতদের সদর থানায় সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে র্যাব।

এর আগে গতকাল শনিবার এই মামলায় র্যাব অভিযান চালিয়ে সদর উপজেরার মধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলমগীর আজাদ সম্রাটসহ ৬জনকে আটক করে থানায় সোপর্দ করে।

সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বাবরের মুক্তির দাবিতে গাংনীতে বিক্ষোভ মিছিল

মিথ্যা মামলায় কারারুদ্ধ সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরের নিঃসর্ত মুক্তির দাবিতে গাংনতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু’র দিক নির্দেশনায় সর্বস্তরের জনতা এই বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

গাংনী উপজেলা ও পৌর বিএনপির হাসপাতাল বাজার কার্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বড়বাজার শহীদ আবু সাঈদ চত্তরে গিয়ে শেষ হয়।

পরে সেখানে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ছাত্র দলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, ঢাকা কলেজ ছাত্রদলের সাবেক সহ-সাধারণ সম্পাদক এম রাশেদুল ইসলাম রাশেদ, গাংনী পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনিরুজ্জামান মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ সভাপতি আব্দুল্লাহ আল হাসান শাওন।

এসময় গাংনী উপজেলা বিএনপি, যুবদল, ছাত্র দল, স্বেচ্ছাসেবক দলসহ সর্বস্তরের জনগণ অংশ নেন।

সমাবেশে বক্তারা বলেন, সৈরাচারী জালিম সরকারের বাংলাদেশের সফল স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরকে মিথ্যা মামলায় আটক করে দীর্ঘদিন যাবৎ কারাগারে রেখে নির্যাতন করেছে। জালিম সরকার মিথ্যা জবানবন্দি আদায় করতে তাকে নানাভাবে অত্যাচার নির্যাতন করেছে। আমরা অবিলম্বে সাবেক সফল স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফজ্জামান বাবরের নি:শর্ত মুক্তি দাবি করছি।

বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় বানভাসি মানুষের পাশে বিএনপি

দেশে চলমান বন্যা পরিস্থিতিতে অসহায় বানভাসি গণমানুষের সহায়তায় ত্রাণ সংগ্রহ কর্মসূচি হাতে নিয়েছে মেহেরপুর জেলা বিএনপির একাংশ।

আজ শনিবার (২৪ আগষ্ট) বিকেলে শহরের টিএনটি এলাকায় আনুষ্ঠানিকভাবে বন্য কবলিত অসহায় মানুষের জন্য ত্রাণ সংগ্রহ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

ত্রাণ সংগ্রহ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র সহ-সভাপতি ওমর ফারুক লিটন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর খান ছাতু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

বন্যাকবলিত মানুষের পাশে থাকার আহ্বান জানিয়ে বক্তারা বলেন, আমরা বন্যা কবলিত এলাকার জন্য ত্রাণ সংগ্রহ কর্মসূচি শুরু করেছি। আপনারাও যার যার জায়গা থেকে ত্রাণ কর্মসূচিতে সবাই অংশগ্রহণ করুন।

জেলা যুবদলের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলালের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএনপি নেতা ফরিদুল হক, রেজাউল, খাইরুল, জেলা যুবদলের সহসভাপতি আনিসুর রহমান লাবলু, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সাবেক ইউপি সদস্য মুস্তাক রাজা, সদর উপজেলা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জান স্বপন,জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাড নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানি। এসময় বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বিএনপি নেতা লেফটেন্যান্ট কর্নেল (অব) সামস আর নেই

মেহেরপুর জেলা বিএনপির সদস্য লেফটেন্যান্ট কর্নেল (অব) শামসুল ইসলাম সামস ইন্তেকাল ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন করেছেন।
আজ সকাল ৮টার সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেছেন। আজ বাদ জহুর ঢাকার বারিধারা ডিওএইচএস মসজিদে নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।

লেফটেন্যান্ট কর্নেল (অব) শামসুল ইসলাম সামস মেহেরপুরের স্টেডিয়াম পাড়ার বাসিন্দা ছিলেন। এর আগে তিনি মেহেরপুর-১ আসনে বিএনপি থেকে মনোনয়ন চেয়েছিলেন।

দর্শনায় স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও সমাবেশ

দর্শনায় জাতীয়তাবাদী থানা স্বেচ্ছা সেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল সাড়ে ৩টায় দর্শনা ডাক বাংলো চত্বর থেকে একটি বনার্ঢ্য র্যালী বের হয়ে দর্শনা শহর প্রদক্ষিন করে দর্শনা ডাক বাংলোয় এসে শেষ হয়।

এরপর সমাবেশের মুল কার্যক্রম শুরু হয়। সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ দর্শনা খানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি নুর আলম সিদ্দিকী মজনু।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক পারকৃষ্ণপুর ইউনিয়নের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা খাজা

আবুল হাসনাত। তিনি স্বেচ্ছা সেবক দলের সকল নেতাকর্মীদের উদ্যোশে বলেন রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের আর্দশ মেনে আগামীতে একটি দুর্নীতি ও শোষন মুক্ত দেশ গঠনে সকলকে এগিয়ে আসতে হবে। দীর্ঘ ১৬ বছরের ফ্যাসিস্ট শেখ হাসিনার দুঃসাশনের অবসান ঘটিয়ে আবারও দেশের মানুষ গণতান্ত্রিক রাষ্ট্র গঠনে সকলকে কাজ করে যেতে হবে এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আর্দশকে বাস্তবায়ন করতে হবে।

এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলী, জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, অনষ্ঠানের প্রধান বক্তা দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়কা হাবিবুর রহমান বুলেট, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের দর্শনা পৌর শাখার সমন্বয়ক সদস্য বিশেষ বক্তা নাহারুল ইসলাম, শরীফ উদ্দিন, রাশেদুল ইসলাম, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের দর্শনা পৌর শাখার আহ্বায়ক আব্দুল মান্নান মাষ্টার, দর্শনা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন, দর্শনা পৌর সমন্বয়ক নাসীর উদ্দিন ও লৎফর রহমান, জালাল উদ্দিন,দর্শনা পৌর যুবদলে আহবায়ক জালাল উদ্দিন লিটন, থানা যুবদলে যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন, জালাল উদ্দিন, মহিম কুমার রতন, আব্দুল আজিজ ও মুহিন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা পৌর সদস্য সচিব আবু হেনা রনি।